দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 03 JAN 2006
পৃষ্ঠা ... কলাম 2

# জগন্নাথ কলেজে ছাত্রদলে দু'গ্রুপে ধাওয়া পাল্টা ধাওয়া, ১৫ জন আহত

স্টাফ রিপোর্টার ॥ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্রদলের বিবদমান দু'গ্রুপে সোমবার ঘণ্টাব্যাপী ধাওয়া পাল্টাধাওয়া ও সংঘর্ষের ঘটনায় অন্তত ১৫ জন আহত হয়েছে। আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে কলেজ শাখা ছাত্রদলের সভাপতি ও সাধারণ সম্পাদক সমর্থিত নেতা-কর্মীদের মধ্যে এ ঘটনা ঘটে। সংঘর্ষ চলাকালে ক্যাম্পাসে আতঙ্ক ছড়িয়ে পড়ে। সশস্ত্র ক্যাডারদের ধাওয়া পাল্টাধাওয়ায় কলেজে ভীতিকর পরিস্থিতির সৃষ্টি হয়। এ সময় অনেক শিক্ষক ও ছাত্রছাত্রীরা দ্রুত কলেজ ত্যাগ করে নিরাপদ আশ্রয়ে চলে যায়।

## জগন্নাথ কলেজে

(প্রথম পা

প্রত্যক্ষদর্শীরা জানায়, সকাল ১০ টার দিকে ছাত্রদলকর্মী বাংলা বিভাগের ছাত্র রতনের সঙ্গে প্রতিপক্ষের কর্মী মমিনের কথাকাটাকাটি হয়। এ ঘটনার জের ধরে সকাল ১১টার দিকে রতন সহযোগীদের নিয়ে বিভাগীয় সেমিনার কক্ষে ঢুকে মমিনকে মারধর করে ঘটনাস্থল ত্যাগ করে। বেলা একটার দিকে মমিন গ্রুপের আরিফ, তারেক, রিয়াজ, জুয়েল, মিলন, সুমন, মামুনসহ আরও কয়েকজন ঐক্যবদ্ধ হয়ে সশস্ত্র অবস্থায় রতন গ্রুপের ওপর হামলা চালালে দু'পক্ষের মধ্যে সংঘর্ষ বাঁধে। মুহূর্তেই দু'পক্ষের ক্যাডারা সশস্ত্র অবস্থায় একে অপরের ওপর ঝাঁপিয়ে পড়ে এবং তাদের মধ্যে ধাওয়া পাল্টাধাওয়া চলতে থাকলে সংঘর্ষ পুরো ক্যাম্পাসে ছড়িয়ে পড়ে। এ সময় ছাত্র-ছাত্রীরা দিগ্বিদিক ছোটাছুটি করতে থাকে। তারা ক্লাসরুমে ঢুকে দরজা বন্ধ করে দেয়। আবার অনেক শিক্ষক দ্রুত কলেজ ত্যাগ করে নিরাপদ আশ্রয়ে চলে যান। পরে অতিরিক্ত পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

ঘণ্টাব্যাপী সংঘর্ষ চলাকালে শ্রাবণ, কাউসার, রনি, সুমন, হুমায়ুন, পরান, পলাশ, সৌরভ, রতনসহ অন্তত ১৫ জন আহত হয়। আহতদের পুরনো ঢাকার সুমনা ক্লিনিক ও ন্যাশনাল হাসপাতালে ভর্তি করা হয়েছে। সংঘর্ষের পর ক্যাম্পাসে থমথমে পরিস্থিতি বিরাজ করছে। দু'গ্রুপের মধ্যে ফের সংঘর্ষের আশঙ্কায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা